গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারি কলেজ,ফেনী

ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com

Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ১৯/০৯/২০২১ খ্রি.
রবিবার

২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

"সঠিক নিয়মে মাস্ক পরি,স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করি।"

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

ক্রমিক নং	বিষয়	জমাদানের তারিখ	বার
১	বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন	২৬/০৯/২০২১	রবিবার
২	রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি, পদার্থ, রসায়ন ,	২৭/০৯/২০২১	সোমবার
৩	হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, প্রাণী,উদ্ভিদ,গণিত	২৮/০৯/২০২১	মঙ্গলবার

নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ এর সুযোগ প্রদান করা হবে না।

বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)
সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি নিয়মিত	সেশন ফি	মোট	পরীক্ষার ফি অনিয়মিত	সেশন ফি	মোট
০১	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	২৮০০	২৭০৫	৫৫০৫	৩১০০	২৭০৫	৫৮০৫
০২	রসায়ন	৩১৭০	২৭০৫	৫৮৭৫	৩৪৭০	২৭০৫	৬১৭৫
০৩	পদার্থবিজ্ঞান,উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান,গণিত	২৯২০	২৭০৫	৫৬২৫	৩২২০	২৭০৫	৫৯২৫

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :

ধাপ ০১: সেশন ফি ও ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট fgc.genexapp.com লগ ইন করে Username: হবে রেজিস্ট্রেশন নম্বর এবং password: রেজিস্ট্রেশন নম্বর এর সাথে ১২৩৪ অথবা ১২৩৪৫৬ দিয়ে লগইন করলে শিক্ষার্থী তার সকল তথ্য দেখতে পাবে।

ধাপ ০২: Payment Dues – Pay up to – September - Load Dues ক্লিক করার পর ফি দেখা যাবে এবং Paywith Sonali bank ক্লিক করার পর- Account Transfer আসবে সোনালী ব্যাংক এর যে কোন শাখায় একাউন্ট থাকলে Account Transfer এর মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে।

ধাপ ০৩: Counter এর মাধ্যমে যারা টাকা জমা দিবে তাদেরকে অবশ্যই প্রিন্ট কপি সংগ্রহ করে সোনালী ব্যাংক এর যে কোন শাখায় টাকা জমা দিতে হবে। (প্রিন্ট কপি বলতে যারা Counter সিলেক্ট করবে তাদের ক্ষেত্রে প্রযোজ্য।

(সোনালী ব্যাংক এর একাউন্ট ট্রান্সফার এবং Counter সার্ভিস এর চার্জ সর্বনিম্ন)

অথবা Cards এর মাধ্যমে DBBL Nexus অথবা Master Card অথবা Qcash অথবা Visa কার্ডের মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে।

অথবা Mobile Banking এর মাধ্যমে নগদ/বিকাশ/রকেট যে কোন ১টি ব্যবহার করে ফি জমা দিতে হবে।

অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি ও টাকা জমাদান পদ্ধতি:

	১ বিষয়	২ বিষয়	৩ বিষয়	৪ বিষয়	৫ বিষয়	৬ বিষয়
গ্রেড উন্নয়ন	১০৫০/-	১৩০০/-	১৫৫০/-	১৮০০/-	২০৫০/-	২৫৫০/-

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফেনী পৌর এলাকার যে কোন **সোনালী ব্যাংক** থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারি কলেজ** এই নামে এম,আই,সি আর পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ফরম পূরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা **অধ্যক্ষ,ফেনী সরকারি কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

১। আবেদন ফরম সংগ্রহ : পরীক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd অথবা www.nubd.info/honours থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে এবং প্রিন্টকৃত ফরম স্ব স্ব বিভাগে কলেজ কর্তৃক নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২০ অনার্স সালের তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০১৯ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে এক জন পরীক্ষার্থী একটি বা দুটি কোর্সে শুধুমাত্র ২০২০ সালের পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :

- তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমুহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

রেজিস্ট্রেশন কার্ডের ১ কপি ফটোকপি ও ০১ (এক) কপি ছবি অনলাইনে পূরণকৃত ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য : সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে আগামী **৩০/০৯/২০২১** তারিখের মধ্যে অবশ্যই ফরমপূরণ এর কাজ সমাপ্তি করতে হবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় :

Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও Payment History থেকে ডাউনলোডকৃত টাকা জমাদানে প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

বিদ্র: লগ ইন করার সময় ওয়েব ব্রাউজারে fgc.genexapp.com এর পূর্বে www/http এগুলো ব্যবহার করা যাবে না। এন্ড্রয়েড মোবাইল ফোন দিয়ে apps টি ব্যবহার করা যাবে। প্রয়োজনে যোগাযোগ : জনাব আবু আব্দুল্লাহ, প্রভাষক, ব্যবস্থাপনা ০১৬৭১৬৯৪৪৫২, জনাব মিঠুন চন্দ্র দাস, কম্পিউটার অপারেটর ০১৬২১৬৩৫৪৭৫।

১৯/৯/২০২১

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী
১৯/০৯/২১